

আল-কাহফ | Al-Kahf | الْكَهْفُ

আয়াতঃ ১৮ : ৭৩

আরবি মূল আয়াত:

﴿ ٧٣ ﴾ قَالَ لَا تُؤَاخِذنِي بِمَا نَسِيْتُ وَ لَا تُرْهِقنِي مِنْ أَمْرِي عُسْرًا

অনুবাদসমূহ:

সে বলল, 'আমি যা ভুলে গিয়েছি, সে ব্যাপারে আমাকে ধরবেন না এবং আমাকে আমার বিষয়ে কঠোর আচরণ করবেন না।' — আল-বায়ান

মূসা বলল, 'আমার ভুলের জন্য আমাকে পাকড়াও করবেন না, আর আমার ব্যাপারে আপনি অধিক কড়াকড়ি করবেন না।' — তাইসিরুল

মূসা বললঃ আমার ভুলের জন্য আমাকে অপরাধী করবেননা এবং আমার ব্যাপারে অত্যাধিক কঠোরতা অবলম্বন করবেননা। — মুজিবুর রহমান

[Moses] said, "Do not blame me for what I forgot and do not cover me in my matter with difficulty." — Sahih International

৭৩. মূসা বললেন, আমার ভুলের জন্য আমাকে অপরাধী করবেন না ও আমার ব্যাপারে অত্যাধিক কঠোরতা অবলম্বন করবেন না।

-

তাফসীরে জাকারিয়া

(৭৩) মূসা বলল, 'আমার ভুলের জন্য আমাকে অপরাধী করবেন না ও আমার ব্যাপারে কঠোরতা অবলম্বন করবেন না।' [1]

[1] অর্থাৎ, আমার সাথে সহজ পস্থা অবলম্বন করুন, কঠোরতা অবলম্বন করবেন না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2213>

১ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন